



ইউএস ডিপার্টমেন্ট অফ জাসটিস  
(মার্কিন বিচার বিভাগ)  
সিভিল রাইটস ডিভিসান  
(নাগরিক অধিকার বিভাগ)



ইউএস ডিপার্টমেন্ট অফ এডুকেশন  
(মার্কিন শিক্ষা বিভাগ)  
অফিস ফর সিভিল রাইটস  
(নাগরিক অধিকার দপ্তর)



হোয়াইট হাউজ'এর উদ্যোগ  
এশীয় আমেরিকান এবং প্যাসিফিক  
আইল্যান্ডার'দের প্রতি

### এএএনএইচপিআই এবং এমএএসএসএ শিক্ষার্থীদের বিরুদ্ধে হওয়া বৈষম্যের প্রতিরোধ করা

দি ইউএস ডিপার্টমেন্ট অফ জাসটিস'এর সিভিল রাইটস ডিভিসান (সিআরটি) এবং দি ইউএস ডিপার্টমেন্ট অফ এডুকেশন'এর অফিস ফর সিভিল রাইটস (ওসিআর) শিক্ষার সমস্ত স্তরে জনসাধারণের অর্থে চালিত ও যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় সাহায্যপ্রাপ্ত স্কুলে যুক্তরাষ্ট্রীয় নাগরিক অধিকার বলবৎ করে।

এই সব আইন জাতি, বর্ণ এবং জাতীয় উৎপত্তির ভিত্তিতে (যার অন্তর্ভুক্ত ভাষা ও একই জাতিগত বৈশিষ্ট্য থাকা) হওয়া বৈষম্যের হাত থেকে সমস্ত শিক্ষার্থীদের রক্ষা করে, যাদের অন্তর্ভুক্ত এশীয় আমেরিকান, জন্মসূত্রে হাওয়াইয়ান দেশের লোক, ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপকুঞ্জ নিবাসী (এএএনএইচপিআই) এবং মুসলিম, আরব, শিখ ও দক্ষিণ এশীয় (এমএএসএসএ) শিক্ষার্থীরা। সিআরটি পাবলিক (জনসাধারণের অর্থে চালিত) স্কুলে ধর্মের ভিত্তিতে বৈষম্যের উপরেও নিষেধাজ্ঞা বলোবৎ করে। বৈষম্যের অভিযোগের জবাবে স্কুলগুলিকে অবিলম্বে এবং যথাযথ পদক্ষেপ অবশ্যই নিতে হবে, যার অন্তর্ভুক্ত জাতি, বর্ণ, জাতীয় উৎপত্তি, বা ধর্মের কারণে হয়রানি বা উৎপীরণ। স্কুলের কর্মকর্তাদের কৃত কর্ম, অথবা কোন কোন ক্ষেত্রে সক্রিয়তার অভাবের উদাহরণগুলি নিচে দেওয়া হল যা সিআরটি বা ওসিআর দ্বারা জারী করা আইন লঙ্ঘন করতে পারে:

- একজন কোরিয়ান-আমেরিকান ছাত্রী তার প্রিন্সিপালকে জানায় যে একদল কোরিয়ান শিক্ষার্থী বারংবার তার এশীয় ইতিহাসের পাঠ্যপুস্তক চুরি করেছে এবং বলেছে যে সে “আসল কোরিয়ান” নয় কারণ সে শুধু ইংরেজি বলে। প্রিন্সিপাল তাকে বলেন যে যেহেতু যে শিক্ষার্থীরা তাকে জ্বালাতন করছে তারাও কোরিয়ান, এটা হয়ত বন্ধু-বান্ধবদের মধ্যে একটা ভুল বোঝাবুঝি হয়ে থাকবে এবং তিনি কোন পদক্ষেপ নেন না।
- একজন শিখ ছাত্র তার পাগড়ি পরে স্কুলে আসে। একজন শিক্ষক ছাত্রটিকে বলেন যে মুসলিমদের লক্ষ্য করে এলাকায় হওয়া সাম্প্রতিক হিংসার কারণে, তার নিজের নিরাপত্তার জন্য তার পাগড়ি খুলে ফেলা দরকার। ছাত্রটি শিক্ষকটিকে জানায় যে সে একজন শিখ। যখন সে তার পাগড়ি খুলতে অস্বীকার করে, তাকে সাময়িক বহিষ্কার করা হয়।
- চায়না থেকে আসা এক শিক্ষার্থী স্কুলের আচারণ বিধি ভঙ্গ করায়, স্কুলের সময়ে স্কুল চলাকালীন তার স্কুলের প্রাক্ষণে ঢোকা সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়। এই সাময়িক বহিষ্কারের ব্যাপারে আলোচনা করার জন্য অ্যাসিস্টেন্ট প্রিন্সিপালের সঙ্গে দেখা করার আগে, শিক্ষার্থীটির অভিভাবক একজন দোভাষীর অনুরোধ করেন, কিন্তু স্কুলের প্রশাসকরা সেই ব্যবস্থা করেন না। যখন অভিভাবক মিটিং এর জন্য আসেন, সেখানে কোন দোভাষী থাকে না এবং অ্যাসিস্টেন্ট প্রিন্সিপাল মিটিং আরম্ভ করে দেন।
- ৯/১১ সম্বন্ধে পড়ার সময়ে, একজন মুসলিম মধ্যবিত্ত শিক্ষার্থীর সহপাঠীরা তাকে সন্ত্রাসবাদী আখ্যা দেয় ও তাকে তার দেশে ফিরে যেতে বলে। শিক্ষক ক্লাসকে বলেন যে কেবলমাত্র কিছু মুসলিম সন্ত্রাসবাদী, এবং শিক্ষার্থীটিকে জিজ্ঞাসা করেন কেন মুসলিমরা ৯/১১'র সন্ত্রাসবাদী হামলাকে দিক্কার জানায়নি। শিক্ষার্থীটি স্কুলের একজন প্রশাসককে তার শিক্ষক ও সহপাঠীদের করা মন্তব্যগুলি সম্বন্ধে জানায়, কিন্তু স্কুলের প্রশাসক এর বিহিত করতে কোন পদক্ষেপ নেন না।
- একটি হাই স্কুল ইংলিশ লার্নার (ইএল –ইংরেজি ভাষা শিক্ষা) পরিষেবা দেয় কেবল মাত্র সেই সমস্ত ইএল শিক্ষার্থীদের যারা স্প্যানিশ ভাষায় কথা বলে। যখন পাঞ্জাবি-ভাষী শিক্ষার্থীরা ইএল পরিষেবার ব্যাপারে খোঁজ খবর করে তাদের অ্যাডভান্সড প্লেসমেন্ট ক্লাসগুলি (এপি -কলেজে স্থান ও ক্রেডিট পাওয়ার পাঠ্যক্রম) করতে সাহায্য পাবার জন্য, প্রিন্সিপাল তাদের বলেন যে তারা ইএল পরিষেবা এবং এপি ক্লাস উভয় পেতে পারে না।
- এশীয় শিক্ষার্থীদের একটি দলকে জিম ক্লাসে প্রতি সপ্তাহে মার ও উপহাস সহ করতে হয় অন্য শিক্ষার্থীদের কাছে যারা বলে, “এশীয়দের অঙ্কে ভাল হওয়ার কথা-বাস্কেটবলে নয়”। তারা যখন শিক্ষকের কাছে অভিযোগ করে, তাদের বলা হয় যে সব থেকে ভাল প্রতিক্রিয়া হল অন্য সেই শিক্ষার্থীদের অগ্রাহ্য করা আর জিম ক্লাসে আরো ভাল ফল করার দিকে মনোযোগ দেওয়া।

যে কেউ যার কাছে স্কুলে হওয়া বৈষম্যের ব্যাপারে তথ্য আছে, অভিযোগ দায়ের করতে পারেন এখানে যোগাযোগ করে:

ইউএস ডিপার্টমেন্ট অফ জাসটিস, সিভিল রাইটস ডিভিসান  
এডুকেশনাল অপর্টুনিটিজ সেকশান  
ইমেল: [education@usdoj.gov](mailto:education@usdoj.gov)  
টেলিফোন: 202-514-4092 অথবা 877-292-3804  
টিটিওয়াই: 800-514-0383

ইউএস ডিপার্টমেন্ট অফ এডুকেশান, অফিস ফর সিভিল রাইটস  
ইমেল: [ocr@ed.gov](mailto:ocr@ed.gov)  
টেলিফোন: 202-453-6100 অথবা 800-421-3481  
টিডিডি: 800-877-8339  
ভাষা সহায়তা: 800-USA-LEARN (800-872-5327)

ওসিআর জনসাধারণকে প্রযুক্তিগত সহায়তাও দিয়ে থাকে এবং জিজ্ঞাসার জবাব দেবে  
ওসিআর' এর জারী করা আইনের আওতায় স্কুলের বাধ্য-বাধ্যকতা এবং শিক্ষার্থীদের ও বাবা-মায়ের অধিকার সম্পর্কে।

সিআরটি এবং ওসিআর' এর জারী করা আইনের ব্যাপারে আরো তথ্যের জন্য, যার অন্তর্ভুক্ত অক্ষমতা এবং লিঙ্গের ভিত্তিতে বৈষম্যের উপর  
নিষেধাজ্ঞাগুলি (যার মধ্যে আছে লিঙ্গ পরিচয় বোধ ও পুরুষ-মহিলার চেনা ছকের বাইরের জীবনযাত্রা), অনুগ্রহ করে দেখুন  
[www.justice.gov/crt/educational-opportunities-section](http://www.justice.gov/crt/educational-opportunities-section) এবং [www.ed.gov/ocr](http://www.ed.gov/ocr)